

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

স্মারক নং: ০৫.৮১.০০০০.০০৭.৯৯.০১৫.২৩-৩৭৫

তারিখ: ১০/০৫/২০২৩

বিষয়: জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসার আবেদনে অসম্পূর্ণতা পরিহরে বিবেচ্য বিষয়াবলি।

- সূত্র: (ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-১১৮ তারিখ: ১৫/০৩/২০২৩;
(খ) বিভাগীয় কমিশনার বরারব প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৫৪ তারিখ: ০১/০২/২০২৩;
(গ) জেলা প্রশাসক বরারব প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৫৫ তারিখ: ০১/০২/২০২৩;
(ঘ) উপজেলা নির্বাহী অফিসার বরারব প্রেরিত পত্র নং: ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৫৬ তারিখ: ০১/০২/২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের অনুবৃত্তিক্রমে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে চাকরি জীবনে জটিল ও ব্যয়বহল রোগের জন্য এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নম্বর ০৮) আবেদন করতে হয়। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইটে (www.bkkb.gov.bd) পাওয়া যাবে। আবেদন করার নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

০২। সাম্প্রতিককালে বিভিন্ন দপ্তর/ সংস্থা থেকে প্রেরিত আবেদনে কতিপয় ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। ফলে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব হচ্ছে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারী কাঙ্ক্ষিত সেবা প্রদান করা যাচ্ছে না। সে পরিপ্রেক্ষিতে যথা সময়ে জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসার অনুদান প্রাপ্তির নিমিত্ত আবেদনসমূহ স্বয়ংসম্পূর্ণ ও নির্ভুলভাবে প্রেরণের জন্য নিম্নবর্ণিত ত্রুটির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা প্রয়োজন:

- ক) নূনতম সংশ্লিষ্ট জেলা পর্যায়ের অফিসার কর্তৃক সুপারিশসহ অগ্রায়ণ না হওয়া;
খ) ফরমে “দপ্তর প্রধানের প্রত্যয়ন” অংশ পূরণ না করা;
গ) ফরমে চিকিৎসা প্রদানকারী হাসপাতাল কর্তৃপক্ষ/বিশেষজ্ঞ চিকিৎসকের অংশ পূরণ না করা;
ঘ) ফরমে চিকিৎসা প্রদানকারী হাসপাতাল কর্তৃপক্ষ/বিশেষজ্ঞ চিকিৎসকের অংশের মূল কপি প্রেরণ না করা;
ঙ) হাসপাতালের মূল ছাড়পত্র ও মূল বিল না থাকা;
চ) সমস্ত কাগজপত্রে প্রতিস্বাক্ষর না থাকা;
ছ) প্রতিস্বাক্ষরে নামের সিল না থাকা;
জ) আবেদনকারীর ছবি না থাকা;
ঝ) অনলাইন ব্যাংক অ্যাকাউন্ট নম্বর না থাকা;
ঞ) অবসর গমনের পরবর্তী সময়ের জটিল চিকিৎসা ব্যয়ের জন্য আবেদন করা;
ট) সাধারণ এবং জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসা অনুদানের জন্য পৃথক আবেদন/ নির্ধারিত ফরম ব্যবহার না করে নিজ অথবা পরিবারের অন্যান্য সদস্যের চিকিৎসা বিল একত্রে প্রেরণ করা।

০৩। বর্ণিত অবস্থায়, জটিল ও ব্যয়বহল রোগের আবেদন করার সময় উপরোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে আবেদন প্রেরণের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ অধীনস্থ দপ্তর, সংস্থা ও মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ কপি

সিনিয়র সচিব


জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়]

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। যুগ্ম সচিব (সচিবালয় ও কল্যাণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (সচিব) এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
০৪। সংশ্লিষ্ট নথি।


(এ কে এম আবদুল্লাহ খান)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন : ০২-৪৮৩১৫৩৪৬